

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

স্মারক নং ৩৯.০০.০০০০.০০৬.০৮.০০৩.১৮-৩৫১

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৫
২০ আগস্ট ২০১৮


বিষয়: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশীপ (২০১৭-২০১৮) এর অর্থায়নে Kyushu University-তে Doctoral Program-এ অংশগ্রহণের জন্য ০৩ (তিন) বছর ১০ (দশ) দিন বহির্বাংলাদেশ প্রশিক্ষণ মঞ্জুরি প্রসংগে।

সূত্র: বাপশকের স্মারক নং ৩৯.০১.০০০০.২১৮.৩১.১৩৫.১৪-৮৩৫/৩০৮৭, তারিখ: ১৩.০৮.২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান এর ইনস্টিটিউট অব ইলেকট্রনিক্স-এ কর্মরত উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রফিক আকন্দ এর অনুকূলে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশীপ (২০১৭-২০১৮) এর অর্থায়নে জাপানের Kyushu University-তে Nuclear Engineering বিষয়ে Doctoral Program-এ অংশগ্রহণের জন্য আগামী ২১.০৯.২০১৮ তারিখ হতে ৩০.০৯.২০২১ তারিখ পর্যন্ত অথবা দায়িত্ব হস্তান্তরের তারিখ হতে ০৩ (তিন) বছর ১০ (দশ) দিন বহির্বাংলাদেশ প্রশিক্ষণ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে মঞ্জুর করা হলো।

শর্ত:


- ১। তিনি ছুটি শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- ২। অনুমোদিত সময়সীমার অতিরিক্ত তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
- ৩। কমিশন এর কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৪। বেতন-ভাতা প্রাপ্যতার ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রবিধানমালা ১৯৮৫-এর সংশ্লিষ্ট বিধান প্রযোজ্য হবে।


ড. মোঃ ইউনুস আলী প্রামাণিক
যুগ্মসচিব
ফোন: ৯৫৪০৮৩৩
ই-মেইল: section6@most.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
আগারগাঁও, ঢাকা

জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতা অনুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (জি.ও-র কপি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৩। জনাব মোঃ আব্দুর রফিক আকন্দ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ইনস্টিটিউট অব ইলেকট্রনিক্স, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, সাভার, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। মাস্টার ফাইল


4/09/2018